



তথ্যবিবরণী

নম্বর:৩৯

স্থানীয় দৈনিক পত্রিকার সম্পাদকদের সাথে পিআইডি ময়মনসিংহের মতবিনিময়

২৬ সেপ্টেম্বর মঙ্গলবার আঞ্চলিক তথ্য অফিস ময়মনসিংহ কর্তৃক আয়োজিত অফিসের সম্মেলনক্ষেত্রে স্থানীয় দৈনিক পত্রিকার সম্পাদকদের নিয়ে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

ময়মনসিংহ আঞ্চলিক তথ্য অফিসের উপপ্রধান তথ্য অফিসার মোহাম্মদ ওমর ফারুক দেওয়ান এর সভাপতিত্বে সুশাসন প্রতিষ্ঠার নিমিত্তে অংশীজনের অংশগ্রহণে এ সভা অনুষ্ঠিত হয়। সভায় স্থানীয় দৈনিক স্বদেশ সংবাদ পত্রিকার সম্পাদক জগদীশ চন্দ্র সরকার, দৈনিক সবুজ এর সম্পাদক মোঃ আফছর উদ্দিন, দৈনিক আজকের ময়মনসিংহ এর সম্পাদক মোঃ শামসুল আলম খান, দৈনিক স্বজন এর সম্পাদক মোঃ শাহজাহান, দৈনিক বন্ধুপত্র এক্সপ্রেস এর সম্পাদক আবু সালেহ মোঃ মুসা, দৈনিক আজকের বাংলাদেশ এর বার্তা সম্পাদক বাবলী আকন্দ, দৈনিক দেশের খবর এর বার্তা সম্পাদক এটিএম ছাইদুর রহমান, দৈনিক ময়মনসিংহ প্রতিদিন এর বার্তা সম্পাদক ছোটন মিয়া, দৈনিক বাংলাদেশের আলো ও সাপ্তাহিক আলাপসিংহ এর নির্বাহী সম্পাদক কে এম নাজমুস সাকীব, দৈনিক আমার সময় এর প্রতিনিধি শুব বসাকসহ অনেকেই উপস্থিত ছিলেন।

মতবিনিময় সভায় জানানো হয়, গণমাধ্যম চতুর্থ শিল্প বিপ্লবের সাথে যেন তাল মিলিয়ে একসাথে চলতে পারে সে ব্যাপারে সকলকে প্রস্তুত হতে হবে। স্থানীয় গণমাধ্যমগুলো সরকারের সংবাদ প্রকাশে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে। স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে জাতীয় পত্রিকার পাশাপাশি স্থানীয় পত্রিকায় প্রচার ও প্রসার সারা দেশের উন্নয়নে খুবই উল্লেখযোগ্য অবদান রাখছে।

বর্তমান পরিস্থিতিতে দ্রব্যমূল্যের ঊর্ধ্বগতির ফলশ্রুতিতে কাগজের দামও বৃদ্ধি পেয়েছে। তাতে করে সংবাদ ছাপানোর খরচও বৃদ্ধি পেয়েছে। চতুর্থ শিল্প বিপ্লবের যুগে সংবাদ প্রকাশ ও প্রচারে অনলাইনের ব্যবহার বহুগুণে বৃদ্ধি পাচ্ছে। প্রিন্ট মিডিয়ার ক্ষেত্র ধীরে ধীরে ছোট হয়ে আসছে। যুগোপযোগী সাংবাদিকতায় জনবল সংকট বা বৃদ্ধির একটি অসামঞ্জস্য ক্ষেত্র সৃষ্টি হয়েছে।

সভায় আরও জানানো হয়, সরকারের নীতিমালা অনুযায়ী লোকাল বিজ্ঞাপনগুলো যেন স্থানীয় পত্রিকার মাধ্যমে ছাপানোর ব্যবস্থা গ্রহণ করা হয়। বিজ্ঞাপন ছাপানোর বিষয়টি কেন্দ্রীভূত না রেখে বিকেন্দ্রীকরণের তাগিদ দেয়া হয়। পাশাপাশি পত্রিকাগুলোতে সাপ্লিমেন্ট প্রকাশ বৃদ্ধি করার আবেদন জানানো হয়। স্থানীয় পত্রিকাগুলোকে টিকিয়ে রাখতে সরকারের সর্বোচ্চ সহযোগিতা কামনা করেন তারা।

সংবাদ প্রকাশের ক্ষেত্রে তথ্য প্রদানে আরো সতর্ক থাকা ও যথাসময়ে সংবাদ রিলিজের পদক্ষেপ গ্রহণ করার মতামত প্রকাশ করেন অনেকেই। স্থানীয় মাল্টি চ্যানেলে বিজ্ঞাপন বন্ধ করার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে জোর তাগিদ জানান উপস্থিত সম্পাদকমন্ডলী। প্রয়োজনে আইন অনুযায়ী অভিযান চালানোর মতামত ব্যক্ত করা হয় সভায়।

মতবিনিময় সভায় ময়মনসিংহ বিভাগীয় তথ্য অফিসের সহকারী তথ্য অফিসার মোঃ রোকনুজ্জামানসহ আঞ্চলিক তথ্য অফিসের কর্মকর্তা কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন।

#

মনির/ দেওয়ান/ হদা/ নাইম/ ২০২৩/১৮:০০ ঘণ্টা